

## ৬. ভবিষ্যত পরিকল্পনা

জনগনের আর্থসামাজিক উন্নয়ন কাজ স্বরাষ্ট্রিত করার লক্ষ্যে দেশের অন্যান্য অঞ্চলের সাথে খুলনা অঞ্চলের উন্নয়নের সামঞ্জস্যতা বিধানের জন্য ব্যবসা বাণিজ্য সম্প্রসারণ।

ব্যবসা বাণিজ্য সম্প্রসারণ হলে কর্মসংস্থান বৃদ্ধি পাবে এবং জনগনের আর্থসামাজিক উন্নয়ন হবে। আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে বিনিয়োগ পরিবেশ সৃষ্টির জন্য এ অঞ্চলে আন্তর্জাতিক মানের পরীক্ষাগার স্থাপন করাসহ বিএসটিআই'র প্রধান কার্যালয়, ঢাকা এর সমতুল্য ল্যাব স্থাপনের জন্য ১০ তলা ভবন নির্মাণ ও আধুনিকমানের পরীক্ষণ যন্ত্রপাতি ক্রয়ের কাজ চলমান আছে। কাজটি দ্রুত গতিতে এগিয়ে চলেছে। ভবন নির্মাণের সাথে সাথে আধুনিক যন্ত্রপাতি স্থাপন করে আন্তর্জাতিক মানের ল্যাবরেটরীতে উন্নীত করা হবে।

বিএসটিআই, খুলনা অফিসে স্থাপিত ল্যাবসমূহকে আন্তর্জাতিক স্বীকৃতি লাভের জন্য এ্যাক্রিডিটেশন কার্যক্রম এগিয়ে নেয়ার ব্যবস্থা গ্রহন করা হচ্ছে। সেবা গ্রহীতাগনকে আরো দ্রুততার সাথে সেবা প্রদানের জন্য বিএসটিআই খুলনার জনবলও বৃদ্ধি করা হচ্ছে। এছাড়া জনগনকে সহজে সেবা প্রদানের উদ্দেশ্যে যশোর এবং কুষ্টিয়া জেলাতে বিএসটিআই এর অফিস নির্মাণের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।